

বিজ্ঞপ্তি নম্বর: ০৫.৩০.৩৫৫১.০০.০০.০০৫.২০২৩- ৬০৪

তারিখ : ০৪/০৭/২০২৩।

বিজ্ঞপ্তি:

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপলব্ধি করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো:

প্রতিযোগিতার নিয়মাবলী

- ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- মোবাইলে ভিডিও ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;
- ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম ও মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগের নম্বর : (সহকারী প্রোগ্রামার-০১৯৫৯৫৭৯১৪৫), ই-মেইল: unokotalipara@mopa.gov.bd

অনুরোধক্রমে

প্রতিযোগিতার গ্রুপসমূহ

- প্রাথমিক ও সমপর্যায়
- মাধ্যমিক ও সমপর্যায়
- উচ্চ মাধ্যমিক ও সমপর্যায়

নোটিশ বোর্ড

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- জনাব মোঃ শহীদ উল্লা খন্দকার, মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী এলাকা-২১৭ গোপালগঞ্জ-৩ এর দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি ও সাবেক সচিব, উত্তর-পশ্চিম ব্লক, কক্ষ নং-২৩১, লেভেল-২, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা-১২০৭।
- জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
- ০৪।কোটালীপাড়া, গোপালগঞ্জ।

(ফেরদৌস ওয়াহিদ)
উপজেলা নির্বাহী অফিসার
কোটালীপাড়া, গোপালগঞ্জ
ফোন: ০২-৪৭৮৮২৩০১৮।
০৪/০৭/২০২৩